

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (নবী হিসেবে) প্রেরিত হওয়ার পূর্ববর্তী (আসমানী) কিতাবসমূহে লিখিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের গুণাবলী

بَابِ صِفَةِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكُتُبِ قَبْلَ مَبْعَثِهِ

আরবী

أَخْبَرَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ، حَدَّثَنَا بَقِيَّةُ بْنُ الْوَلِيدِ التَّمِيمِيِّ، حَدَّثَنَا بَحِيرُ بْنُ سَعْد، عَنْ خَالِدِ بْنِ مَعْدَانَ، عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ الْحَضْرَمِيِّ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: " لَقَدْ جَاءَكُمْ رَسُولٌ إِلَيْكُمْ لَيْسَ بِوَهِنٍ، وَلَا كَسِلٍ، لِيُحْيِيَ قُلُوبًا غُلْفًا، وَيَفْتَحَ أَعْيُنًا عُمْيًا، وَيُشْمِعَ آذَانًا صَمُمًّا، وَيُقِيمَ السُّنَّةَ العَوْجَاءَ، حَتَّى يُقَالَ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ

مرسل إسناده ضعيف بقية بن الوليد مدلس تدليس التسوية وقد عنعن في هذا الإسناد

বাংলা

৯. যুবায়র ইবনু নুফাইর আল হাদরামী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: 'তোমাদের নিকট এমন একজন রাসূল এসেছেন যিনি দুর্বল নন এবং অলসও নন, তিনি এসেছেন আচ্ছাদিত অন্তরকে জীবিত করার জন্য, অন্ধ চোখসমূহকে খুলে দেয়ার জন্য, বিধর কানসমূহকে শ্রবণ করানোর জন্য এবং বিকৃত হয়ে যাওয়া সুন্নাত[1] (রীতিসমূহ)কে সোজা (সংস্কার করে সঠিক) করার জন্য। (তিনি এই কাজ করে যাবেন) যতক্ষণ না সাক্ষ্য দেয়া হবে: 'আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই, তিনি একক'।[2]

ফুটনোট

[1] মিল্লাতে ইবরাহীমের সুনাত

[2] তাহক্কীক্ক: এটি মুরসাল (তাবিঈ কর্তৃক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণিত হাদীস) ও এর সনদ যয়ীফ । তবে কাছীর ইবনু মুররাহ হতে তার বাণী হিসেবে এটি সহীহ সনদে বর্ণনা করেছেন ইবনু সা'দ (ত্বাবাকাত ১/২/৮৮)। যদিও হাফিজ ইবনু হাজার (ফাতহুল বারীতে ৮/৫৮৬) দারেমী কর্তৃক বর্ণিত জুবাইর ইবনু



নুফাইরের এ মুরসালের সনদকে সহীহ বলেছেন।

তাখরীজ: অনুরূপ বর্ণিত হয়েছে, ইবনু সা'দ (ত্বাবাকাত ১/২/৮৮)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

𝚱 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45774

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন